Australian Government
Department of Home Affairs

COVID-19 পরীক্ষা এবং চিকিৎসা

আপনার কাছে যদি ভিসা না থাকে বা আপনি আপনার ভিসার অবস্থা সম্পর্কে নিশ্চিত না থাকলেও আপনাকে অবশ্যই জনস্বাস্থ্যের দিকনির্দেশগুলো অনুসরণ করতে হবে। যদি আপনি অসুস্থ বোধ করেন তবে চিকিৎসা সহায়তা নিন এবং COVID-19-এর জন্য পরীক্ষা করান।

স্টেট এবং টেরিটরি সরকার বিনামূল্যে COVID-19 পরীক্ষা এবং চিকিৎসা দিচ্ছে।

- অস্ট্রেলিয়ান ক্যাপিটাল টেরিটরি
- নিউ সাউথ ওয়েলস
- নর্দার্ন টেরিটরি
- কুইন্সল্যান্ড
- সাউথ অস্ট্রেলিয়া
- তাসমানিয়া
- ভিক্টোরিয়া
- ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া

ভিক্টোরিয়াতে ইমিগ্রেশন মেডিকেল পরীক্ষা

পুনরায় COVID-19 সংশ্লিষ্ট বিধিনিষেধের কারণে ভিক্টোরিয়ায় সকল অভিবাসী স্বাস্থ্য পরীক্ষা (Immigration Medical Examinations) সাময়িকভাবে বন্ধ হয়ে গেছে। এটি জনস্বাস্থ্য বিষয়ক আরও ঘোষণার সাথে সামঞ্জস্য রেখে পর্যালোচনা করা হবে।

আমার একটি ওয়ার্কিং হলিডে মেকার (Working Holiday Maker) ভিসা আছে

ওয়ার্কিং হলিডে মেকার (WHM) ভিসার মেয়াদ বৃদ্ধি করা যায় না। তবে, আপনি যদি অস্ট্রেলিয়াতে তিন বা ছয় মাসের 'সুনির্দিষ্ট কাজ' সম্পন্ন করে থাকে, তবে আপনি হয়ত দ্বিতীয় বা তৃতীয় WHM ভিসার জন্য আবেদন করতে সক্ষম হবেন।

আরও তথ্যের জন্য নির্দিষ্ট কাজের শর্ত দেখুন।

31 জানুয়ারি 2020 তারিখের পর থেকে ওয়ার্কিং হলিডে মেকাররা (WHM) অস্ট্রেলিয়ার যেকোনো জায়গায় স্বাস্থ্যসেবা ও চিকিৎসা খাতে গৃহীত গুরুত্বপূর্ণ COVID-19 কাজকে দ্বিতীয় বা তৃতীয় WHM ভিসার ক্ষেত্রে আবেদন করার জন্য 'নির্দিষ্ট কাজ' হিসাবে বিবেচনা করতে পারে। আরো তথ্যের জন্য সাম্প্রতিক খবর দেখুন।

আপনি যদি দ্বিতীয় বা তৃতীয় WHM ভিসার জন্য যোগ্য না হন এবং আপনি যদি COVID-19-এর জন্য গুরুত্বপূর্ণ কোনো খাতে কাজ না করেন, তবে আপনাকে আরেকটি ভিসার জন্য আবেদন করতে হবে। এটি আপনাকে স্বদেশে ফিরে না যাওয়া পর্যন্ত বৈধ থাকার সুযোগ দেবে। কৃষি, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, স্বাস্থ্যসেবা এবং চিকিৎসা, বয়স্ক ও প্রতিবন্ধী পরিচর্যা এবং শিশু পরিচর্যা হলো COVID-19-এর জন্য গুরুত্বপূর্ণ খাতসমূহ।

আপনার পরিস্থিতির উপর ভিত্তি করে, আপনি একটি দর্শনার্থী ভিসার (সাব-ক্লাস 600) জন্য যোগ্য হতে পারেন।

নতুন ভিসা পাওয়ার জন্য আপনাকে অবশ্যই বয়সসীমা, ইংরেজি ভাষা, স্বাস্থ্য এবং চারিত্রিক প্রয়োজনীয়তাসহ এই ভিসার পূর্বশর্তগুলো পূরণ করতে হবে।

দ্বিতীয় বা তৃতীয় WHM ভিসার জন্য আবেদন

আপনি একটি দ্বিতীয় বা তৃতীয় ওয়ার্কিং হলিডে (সাব-ক্লাস 417) ভিসা বা ওয়ার্ক অ্যান্ড হলিডে (সাব-ক্লাস 462) ভিসার জন্য উপযুক্ত হতে পারেন। আপনি উপযুক্ত কি না এবং কিভাবে আবেদন করতে হয় তা ডিপার্টমেন্টের ওয়েবসাইটে দেখুন:

- সেকেন্ড ওয়ার্কিং হলিডে (সাব-ক্লাস 417) ভিসা
- থার্ড ওয়ার্কিং হলিডে (সাব-ক্লাস 417) ভিসা
- সেকেন্ড ওয়ার্ক অ্যান্ড হলিডে (সাব-ক্লাস 462) ভিসা
- থার্ড ওয়ার্ক অ্যান্ড হলিডে (সাব-ক্লাস 462) ভিসা

আপনার বর্তমান ভিসার মেয়াদ শেষ হওয়ার আগে আপনাকে অবশ্যই নতুন ভিসার জন্য আবেদন করতে হবে। আপনাকে একটি ব্রিজিং ভিসা মঞ্জুর করা হতে পারে, যা আপনার ভিসার আবেদনের উপর সিদ্ধান্ত না আসা পর্যন্ত অস্ট্রেলিয়ায় বৈধভাবে থাকতে সহায়তা করবে।

ভিসার শর্ত 8547 - একজন নিয়োগকর্তার সাথে ছয় মাসের কাজের সীমাবদ্ধতা

ওয়ার্কিং হলিডে মেকাররা অস্ট্রেলিয়ায় থাকাকালীন যেকোনো ধরনের কাজ করতে পারবেন, তবে সাধারণভাবে এটি যেকোনো একজন নিয়োগকারীর সাথে ছয় মাসের কাজের মধ্যে সীমাবদ্ধ থাকে, যদি না বিভাগ সেই একই নিয়োগকারীর সাথে ছয় মাসের বেশি সময় ধরে কাজ করার অনুমতি দিয়ে থাকে।

কৃষি, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, স্বাস্থ্যসেবা ও চিকিৎসা, বয়স্ক ও প্রতিবন্ধী পরিচর্যা এবং শিশু পরিচর্যার মতো গুরুত্বপূর্ণ খাতসমূহে কাজ করা ওয়ার্কিং হলিডে মেকারদের জন্য বিভাগের কাছ থেকে একই নিয়োগকারীর সাথে ছয় মাসের বেশি সময় ধরে কাজ করার অনুমতি রয়েছে।

আমি একটি গুরুত্বপূর্ণ খাতে কাজ করি

31 জানুয়ারি 2020 তারিখের পর থেকে ওয়ার্কিং হলিডে মেকাররা (WHM) অস্ট্রেলিয়ার যেকোনো জায়গায় স্বাস্থ্যসেবা ও চিকিৎসা খাতে গৃহীত গুরুত্বপূর্ণ COVID-19 সম্পর্কিত কাজকে দ্বিতীয় বা

তৃতীয় WHM ভিসার ক্ষেত্রে আবেদন করার জন্য ‘নির্দিষ্ট কাজ’ হিসাবে গণনা করতে পারে। আরো তথ্যের জন্য সাম্প্রতিক খবর দেখুন।

যেসকল ওয়ার্কিং হলিডে মেকার এই গুরুত্বপূর্ণ খাতগুলোতে কাজ করেন কিন্তু দ্বিতীয় বা তৃতীয় WHM-এর জন্য উপযুক্ত নন এবং স্বদেশে ফিরে যেতে পারছেন না, তারা একটি অস্থায়ী কার্যক্রম ভিসার (সাব-ক্লাস 408) অস্ট্রেলিয়ান গভর্নমেন্ট এন্ডোর্সড অ্যাগ্রিমেন্ট ইভেন্ট স্ট্রিম (COVID-19 পেন্ডামিক ইভেন্ট ভিসা) জন্য আবেদন করতে পারেন। ভিসার আবেদনের জন্য কোনো খরচ থাকবে না।

এই ভিসা আপনাকে অস্ট্রেলিয়ায় থাকার এবং আপনি স্বদেশে ফিরে না যাওয়া পর্যন্ত কাজ অব্যাহত রাখার অনুমতি দেবে।

আরও তথ্যের জন্য নির্দিষ্ট কাজের শর্ত দেখুন।

যেসকল ভিসাধারী আর্থিক অসুবিধার মধ্যে আছেন

আপনি যদি নিজের খরচ চালাতে সক্ষম না হন, তবে আপনার উচিত হবে দেশে ফিরে যাওয়ার বন্দোবস্ত করা।

আপনি যদি আপনার বেঁচে থাকার প্রাথমিক চাহিদা পূরণ করতে না পারেন, তবে 2019-20 আর্থিক বছরে আপনি সর্বোচ্চ $10,000 পর্যন্ত আপনার অস্ট্রেলিয়ান সুপারঅ্যানুয়েশন কর-মুক্ত সুবিধা পেতে পারেন।

অনুগ্রহ করে দ্রুত সুপারঅ্যানুয়েশন সুবিধা নেওয়ার ব্যাপারে অস্ট্রেলিয়ান টেক্সেশন অফিস-এর ওয়েবপেজ দেখুন

COVID-19 পেন্ডামিক ইভেন্ট ভিসা

যদি আপনার WHM ভিসার মেয়াদোত্তীর্ণের সময় চলে আসে, আপনি যদি কোনো গুরুত্বপূর্ণ খাতে কাজ না করেন, ভ্রমণের উপর নিষেধাজ্ঞার কারণে আপনি যদি দেশে ফিরে যেতে সক্ষম না হন এবং আপনি যদি অন্য আরেকটি ভিসার শর্তগুলো পূরণ করতে না পারেন, তবুও আপনি COVID-19 পেন্ডামিক ইভেন্ট ভিসার জন্য যোগ্য হবেন। আপনি কেন অন্য আরেকটি ভিসার শর্ত পূরণ করতে পারছেন না তার জন্য আপনার কারণ দর্শানোর প্রয়োজন হবে। এর সমর্থনে আপনাকে এমন বিবৃতি ও প্রমাণ অন্তর্ভুক্ত করতে হবে যেখানে দেখা যাবে যে, অন্য ভিসার আবেদনের চার্জ (VAC) পরিশোধ করার জন্য আপনার কাছে পর্যাপ্ত অর্থ নেই।